ইরানে স্টারলিংকের কার্যক্রম নিয়ে নরওয়ের রাষ্ট্রদূতকে তলব

ছবি: সংগৃহীত

ইরানের ভূখণ্ডে অননুমোদিত স্টারলিংক স্যাটেলাইট ইন্টারনেট বন্ধে নরওয়ের নিষ্ক্রিয়তার প্রতিবাদ জানিয়েছে তেহরান। এ বিষয়ে নরওয়ের রাষ্ট্রদূত পাল বিওর্নেস্তাদকে তলব করেছে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়। রাষ্ট্রীয় সংবাদমাধ্যম প্রেস টিভি এ তথ্য জানিয়েছে।

রোববার (৪ অক্টোবর) রাষ্ট্রদূতকে তলব করে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক মোহাম্মদ হাসাননেজাদ পিরকুহি। বৈঠকে তার হাতে আনুষ্ঠানিক প্রতিবাদপত্র দেওয়া হয়।

ইরানি কর্মকর্তার অভিযোগ, মার্কিন ধনকুবের ইলন মাস্কের মহাকাশ প্রতিষ্ঠান স্পেসএক্সের স্টারলিংক সেবা ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ‘হস্তক্ষেপমূলক এজেন্ডা’ বাস্তবায়নে পদ্ধতিগতভাবে ব্যবহৃত হচ্ছে।

পিরকুহি বলেন, আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়নে (আইটিইউ) স্টারলিংকের নিবন্ধনকারী রাষ্ট্র হিসেবে নরওয়ের ওপর ইরানের ভূখণ্ডে এ ধরনের অননুমোদিত সম্প্রচার বন্ধে ব্যবস্থা নেওয়ার আইনগত দায়িত্ব রয়েছে। সাম্প্রতিক বছরগুলোতে আইটিইউর রেডিও রেগুলেশনস বোর্ডের (আরআরবি) সিদ্ধান্তেও বিষয়টি উল্লেখ রয়েছে বলে জানান তিনি।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এই কর্মকর্তা আরও বলেন, জাতীয় নিরাপত্তা ও ভৌগোলিক সার্বভৌমত্বের জন্য হুমকি তৈরি করতে পারে—এমন কার্যক্রম বন্ধে নরওয়েকে একাধিকবার অনুরোধ করা হলেও দেশটি তা উপেক্ষা করেছে। ফলে ইরানে স্টারলিংকের অননুমোদিত কার্যক্রম এখনও চলছে বলে অভিযোগ তেহরানের।